

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৬৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. দ্বিতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফ্যীলত

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ السَّائِبِ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم يُصلِّي أَرْبَعًا بَعْدَ أَنْ تَزُولَ الشَّمْسُ قَبْلَ الظُّهْرِ وَقَالَ: «إِنَّهَا سَاعَةٌ تُفْتَحُ فِيهَا أَبْوَابُ السَّمَاءِ فَأُحِبُّ أَنْ يَصْعَدَ لِي فِيهَا عَمَلٌ صَالِحٌ» . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

১১৬৯-[১১] 'আবদুল্লাহ ইবনু সায়িব (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্য হেলে যাওয়ার পর যুহরের সালাতের পূর্বে চার রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতেন। তিনি বলতেন, এটা এমন এক সময় যখন (নেক 'আমল উপরের দিকে যাওয়ার জন্যে) আকাশের দরজাগুলো খুলে দেয়া হয়। তাই এ মুহূর্তে আমার নেক 'আমলগুলো উপরের দিকে চলে যাক এটা আমি চাই। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ: আত্ তিরমিযী ৪৭৮, সহীহ আত্ তারগীব ৫৮৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আল্লামা ইরাক্টী বলেন, এ চার রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) যুহরের পূর্বের চার রাক্'আত ভিন্ন অন্য সালাত। এ সালাতকে সুন্নাতে যাওয়াল বলা হয়।

وَالسَّمَاءِ) এ সময়ে আকাশের দরজা খোলা হয়। অর্থাৎ সৎ 'আমল আল্লাহর দরবারে পৌঁছানোর জন্য এবং রহমাত নাযিলের জন্য এ সময়ে আকাশের দরজা খোলা হয়। তবে এখানে একটি প্রশ্ন দাঁড়ায় যে, যে সকল মালাক (ফেরেশতা) আল্লাহর দরবারে 'আমল পৌঁছানোর দায়িত্বে নিয়োজিত তারা তো শুধুমাত্র 'আসরের পরে এবং ফাজরের (ফজরের) পরে আল্লাহর দারবারে 'আমল নিয়ে আরোহণ করেন। তাহলে এ সময়ে আল্লাহর দরবারে 'আমল পোঁছে কিভাবে। এর জবাব এই যে, (معود) তথা আরোহণ দ্বারা কোন



কোন সময় কবৃল তথা গ্রহণ উদ্দেশ্য হয়। এখানে 'আমল পৌঁছানোর অর্থ হলো 'আমল কবৃল করা হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন